

কিউএস র্যাংকিং : সেরার তালিকায় দেশের ২৯ বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

০৬ নভেম্বর, ২০২৪

১৯:২২

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়ার সেরা ১০০ বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ পেয়েছে। আজ বুধবার 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র্যাংকিং: এশিয়া ২০২৫' শীর্ষক এ র্যাংকিং প্রকাশ পায়।

তালিকায় মোট ৯৮৪টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। তালিকার শীর্ষ তিন বিশ্ববিদ্যালয় হলো-চীনের পিকিং ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব হংকং ও ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর।

তালিকায় সেরা ১০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে ভারতের সাতটি ও পাকিস্তানের দুটি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে।

শীর্ষ ১০০-এর মধ্যে না থাকলেও তালিকায় স্থান পেয়েছে দেশের ২৯ বিশ্ববিদ্যালয়। এর মধ্যে আছে-ঢাকা বিশ্ববিদ্যালয় (১১২), নর্থ সাউথ ইউনিভার্সিটি (১৫৫), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (১৫৮), ব্র্যাক ইউনিভার্সিটি (২৫৩), ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (২৮০), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (২৯২), রাজশাহী বিশ্ববিদ্যালয় (৩২০), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৩৪২) ও চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৩৫৭)।

আরো পড়ুন



সরকারি বিভিন্ন ক্ষেত্রে খণ্ডকালীন চাকরি পাবে শিক্ষার্থীরা

এবারের র‍্যাঙ্কিংকে ভারতের মোট ১৬১টি বিশ্ববিদ্যালয়ের নাম আছে।

আর শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে আছে ভারতের সাতটি। সেগুলো হলো-দিল্লির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি) (৪৪), আইআইটি বোম্বে (৪৮), আইআইটি মাদ্রাজ (৫৬), আইআইটি খড়গপুর (৬০), বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স (৬২), আইআইটি কানপুর (৬৭) ও ইউনিভার্সিটি অব দিল্লি (৮১)।

পাকিস্তানের মোট ৭০টি বিশ্ববিদ্যালয়ের নাম আছে এই তালিকায়। এর মধ্যে সেরা ১০০-এর মধ্যে থাকা দুটি হলো- ইসলামাবাদের ন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (৬৭) ও কায়েদে আজম ইউনিভার্সিটি (৮৪)।